চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

(প্রেস বিজ্ঞপ্তি)

মুক্তিযোদ্ধা ও সাংবাদিক রইসুল হক বাহারের মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম- ১৯ সেপ্টেম্বর ২০১৮

মুক্তিযোদ্ধা ও খ্যাতিমান সাংবাদিক আ ক ম রইসুল হক বাহার এর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। আজ বুধবার এক শোক বার্তায় তিনি বলেন, সাংবাদিক রইসুল হক বাহার একজন সৎ, আদর্শবান দেশপ্রেমিক ও প্রচারবিমুখ মানুষ ছিলেন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি দৈনিক পূর্বকোণে সাংবাদিকতার পাশাপাশি সামাজিক কর্মকাণ্ডের সাথে জড়িত ছিলেন। মেয়র মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের ৩৮তম সাধারণ সভা অনুষ্ঠিত

এক মাসের মধ্যে মাদকজীবী নির্মূলের প্রতিবেদন জমা দেয়ার জন্য পুলিশকে মেয়রের নির্দেশনা

চট্টগ্রাম- ১৯ সেপ্টেম্বর ২০১৮

চট্টগ্রাম নগরের মাদকজীবী নির্মূলে মেট্রোপলিটন পুলিশের গৃহিত পদক্ষেপ ও কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন আগামী এক মাসের মধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাছে জমা দেয়ার জন্য নির্দেশনা দিয়েছেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। এই কার্যক্রমের আওতায় নগরীর ৪১টি ওয়ার্ড থেকে এই পর্যন্ত কতজন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে এবং তালিকাভুক্ত এলাকার মাদক ব্যবসা নিয়ন্ত্রণে পুলিশের কার্যক্রমের অগ্রগতি কতটুকু হয়েছে তার সম্যক তথ্য প্রতিবেদন আকারে জমা দেয়ার ব্যাপারে সভায় উপস্থিত চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনারকে নির্দেশনা দেন মেয়র। সন্ত্রাস,জঙ্গী ও মাদকমুক্ত চট্টগ্রাম নগরী গড়ার প্রত্যয়ে ২০১৭ সালের ৩০ এপ্রিল চট্টগ্রাম থিয়েটার ইনস্টিটিউটটে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের দ্বিপক্ষীয় মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। ঐ সভায় মেয়র ৪১ টি ওয়ার্ডের চিহ্নিত মাদক ব্যবসায়ী এবং মাদক সম্পৃক্ত এলাকার একটি তালিকা নগর পুলিশ কমিশনারের কাছে হস্তান্তর করেছেন। সেই তালিকা অনুযায়ী পুলিশ নগর জুড়ে নানামুখী তৎপরতা শুরু করে। তবে হস্তান্তরের এক বছর সময় পেরিয়ে গেলেও চসিকের প্রদত্ত তালিকার অগ্রগতি সম্পর্কে মেট্রোপলিটন পুলিশ কোন প্রাতিষ্ঠানিক প্রতিবেদন উপস্থাপন করেনি।

আজ বুধবার দুপুরে চসিক কে বি আবুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের ৩৮তম সাধারণ সভার সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এসব কথা বলেন। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের অংশ হিসেবে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দেশ ব্যাপী অভিযান পরিচালনা করেছে। এই ধারাবাহিকতায় মাদক নিয়ন্ত্রণের ক্ষেত্রে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশও প্রশংসনীয় ভূমিকা পালন করেছে। বিগত সময়ে পুলিশের বেশ কয়েকটি অভিযান চট্টগ্রাম নগরের মাদকজীবী গ্রেপ্তার ও মাদক ব্যবসা নির্মূলে কার্যকর ভূমিকা রেখেছে। চট্টগ্রাম নগরে মাদক ব্যবসা বর্তমানে অনেকাংশে নিয়ন্ত্রিত। তবে একজন জনপ্রতিনিধি হিসেবে মাদক সমস্যা প্রতিকার ও প্রতিরোধে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কার্যক্রম সম্পর্কে নগরবাসী জানতে চায়। নগরবাসীদের কাছে এ বিষয়ে সুস্পষ্ট ধারণা প্রদানের লক্ষ্যে আমাদের কর্মপরিকল্পনা

রয়েছে। জনসাধারণের কাছে নগরের বর্তমান অবস্থা উপস্থাপনের লক্ষ্যে অগ্রগতি প্রতিবেদনটির প্রয়োজনীয়তা রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

সভায় তিনি আরো বলেন, বিভিন্ন সেবা সংস্থার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কারণে নগরীর রাস্তাঘাট কর্তন, খাল-নালা খনন কার্যক্রম চলমান রয়েছে। এতে করে সংলগ্ন সড়ক এলাকায় যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। সৃষ্টি হচ্ছে যানজট। নগরীর এই যানজট সমস্যা নিয়ন্ত্রনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন সড়কে গাড়ি পার্কিংয়ের স্থান নির্ধারণ করে দিয়েছে। তাছাড়া সড়কে যানবাহন পার্কিংয়ের ক্ষেত্রে ট্রাফিক আইন মেনে চলার ব্যাপারে প্রচার প্রচারণাসহ চসিক নানামুখী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রেখেছে। কিন্তু আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে এখনো যত্রতত্র গাড়ি পার্কিং করে রাখা হচ্ছে। যত্রতত্র গাড়ি পার্কিংয়ের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার জন্য সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের প্রতি স্পষ্ট নির্দেশনা দিয়েছেন।

সভায় সুইমিং পুল ও জিমনেশিয়াম সিটি কর্পোরেশন একাদশ দলের কাছে হস্তান্তর,সিজেকেএস আয়োজিত কাবাডি লীগ ও প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগ ২০১৮,চসিক শিক্ষার্থীদের কারাতে প্রতিযোগিতায় এবং ভূমিকম্প বিষয়ক কর্মশালায় অংশ গ্রহণ, ৪১টি ওয়ার্ডে অগ্নিকান্ড, অতিবৃষ্টি, ভূমিকম্পে ক্ষতিগ্রস্থ পরিবারের তালিকা তৈরিকরণ,নগরীতে ওয়াসা কাটিং দ্রুত মেরামতকরণ ,ওয়ার্ড ভিত্তিক পূজা মন্ডপের তালিকা প্রস্তুত করন ও সমুদ্র সৈকতে বিসর্জনের প্রয়োজনীয় ব্যবস্থাকরণ, নগরে কমিউনিটি সেন্টার সমূহের পরিস্কার পরিচ্ছন্নতা,মাদক বিরোধী সভা সমাবেশ ও কমিটি গঠন, কর্পোরেশনের পরিত্যক্ত জায়গায় হিস্যা প্রস্তুতকরণ,৪১টি ওয়ার্ডকে চারটি জোনে বিভক্ত করণ এবং আউটসোসিং এর মাধ্যমে নগর সৌন্দর্যবর্ধনসহ বিবিধ বিষয়ে আলোচান্তে সিদ্ধান্ত গৃহীত হয় ।

সভায় অর্থ ও সংস্থাপন, শিক্ষা,স্বাস্থ্য,পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা, নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষন, আইন শৃংখলা এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষন, ক্রীড়া ও সংস্কৃতি, পানি ও বিদ্যুৎ, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার, পরিবেশ উন্নয়ন, যোগাযোগ, দুর্যোগ ব্যবস্থাপনা, দারিদ্র হ্রাসকরণ ও বসতি উন্নয়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যানগণ স্ব-স্ব স্ট্যান্ডিং কমিটির কার্যবিবরণী উপস্থাপন করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভা পরিচালনা করেন চসিক ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র, কাউন্সিলর, সংরক্ষিত কাউন্সিলর, চসিক প্রধান প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. হাসান চৌধুরী সহ অফিসিয়াল কমিশনার, চসিক বিভাগীয় শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন। সভায় সদ্য প্রয়াত নগরীর বিশিষ্ট ব্যক্তিদের রূহের মাগফেরাত কামনা, দেশ-জাতি ও চট্টগ্রামের সমৃদ্ধি কামনায় বিশেষ মুনাজাত করা হয়।

জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে ব্যাপক হারে কুকুরের জলাতঙ্ক প্রতিষেধক টিকাদান (এমডিভি) কার্যক্রম এর উদ্বোধন আগামীকাল

চট্টগ্রাম- ১৯ সেপ্টেম্বর ২০১৮

আগামীকাল বৃহস্পতিবার সকাল ১১ টায় চসিক কে.বি আবদুচ ছত্তার মিলনায়তনে জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে ব্যাপক হারে কুকুরের জলাতঙ্ক প্রতিষেধক টিকাদান (এমডিভি) কার্যক্রমের শুভ উদ্বোধন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন ।

এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন